

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd


জলমহালের ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন পত্র আহ্বানের ইজারা বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০২/২০২২ খ্রি।

স্মারক নং:-০৫.৫৫.২৭৬০.০০০.০৮.১৪(অংশ-৪).২২. ৬৫৭

তারিখ: ১১/০৪/২০২২ খ্রি:।

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলাধীন খানসামা উপজেলার ব্যবস্থাপনাধীন পৃথক তালিকায় বর্ণিত পুকুর/জলাশয়সমূহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অনুকূলে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে অনলাইনের মাধ্যমে আবেদন পত্র আহ্বান করা হয়। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার ১৫/০৩/২০২২ খ্রি: তারিখে সিদ্ধান্ত মোতাবেক খানসামা উপজেলাধীন আত্রাবোতা পুকুর, হাট পুকুর, ভাবকী পীরপুকুর ও ভাট পুকুরের ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভূমি মন্ত্রণালয়ের ১০/০৪/২০২২ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮০.২০.০৯ (অংশ-২)-২১/১ নং স্মারকে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন ৩০ চৈত্র (১৩/০৪/২০২২) পর্যন্ত সময়সীমা বৃদ্ধি করা হয়েছে। উপজেলা থেকে জলমহাল ইজারা প্রাপ্তির লক্ষ্যে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে (land.gov.bd) অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে ৩০ চৈত্রের (১৩/০৪/২০২২) মধ্যে অনলাইনে আবেদন দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে। অনলাইনে আবেদন দাখিলের পর ১৭/০৪/২০২২ (০৪ বৈশাখ) খ্রি: তারিখে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর বরাবর দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে “জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন” কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে। নির্ধারিত তারিখের পূর্বে অথবা পরে কোন আবেদন করা যাবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক এবং জলমহাল সংক্রান্ত সকল প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। যে কোন আবেদন গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(রাশিদা আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
খানসামা, দিনাজপুর।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
খানসামা, দিনাজপুর।
www.khansama.dinajpur.gov.bd

স্মারক নং:-০৫.৫৫.২৭৬০.০০০.০৮.১৪(অংশ-৪).২২. ৩৬৭ (২০)

তারিখ: ১১/০৪/২০২২ খ্রি:।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), দিনাজপুর।
- ৩। উপজেলা সমবায় অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৪। উপজেলা মৎস্য অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, খানসামা থানা, খানসামা, দিনাজপুর।
- ৬। উপজেলা যুব উন্নয়ন অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৭। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, খানসামা, দিনাজপুর।
- ৮। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
- ৯। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা (সকল), খানসামা, দিনাজপুর।
- ১০। অফিস কপি।


(রাশিদা আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার


ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
খানসামা, দিনাজপুর।

খানসামা উপজেলায় ইজারায়োগ্য পুকুর/জলাশয়সমূহ ১৪২৯-১৪৩১ বাংলা সনের লীজ প্রদানের
নিমিত্তে সরকারী ধার্যমূল্যের তালিকা :-

ক্রঃ নং	ইউনিয়নের নাম	জলাশয়ের নাম ও অবস্থান	দাগ নং ও খতিয়ান নং	আয়তন	০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য	৫% বৃদ্ধিতে ইজারার ধার্যকৃত সরকারী মূল্য	মন্তব্য
০১	০৩ নং আঙ্গারপাড়া	চেং পুকুর মৌজা- আরাজীযুগিরঘোপা	দাগ নং-৭৮৪ খতিয়ান নং-০১	০.৮৫ (একর)	১৮,২৫০/-	১৯,১৬৩/-	ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩১ সন
০২		সাগাইকুড়া পুকুর মৌজা-আঙ্গারপাড়া	দাগ নং-৮০৩৩ খতিয়ান নং-০১	০.৮৮ (একর)	৩৮,৮৫০/-	৪০,৭৯৩/-	ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩১ সন
০৩		ইছামতি জলকর মৌজা-ছাতিয়ানগড়	দাগ নং-১৯৬১ খতিয়ান নং-০১	১.৯২ (একর)	১,৫০০/-	১,৫৭৫/-	ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩১ সন
০৪	০৪ নং খামারপাড়া	পাইটকাকুড়া মৌজা-গারপাড়া	দাগ নং-৫৯৪ খতিয়ান নং-০১	১.৬৩ (একর)	১৪,০৬৭/-	১৪,৭৭০/-	ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩১ সন
০৫	০৫ নং ভাবকী	ভাবকী পুকুর (খিজরা) মৌজা-ভাবকী	দাগ নং-৩৭১৫ খতিয়ান নং-০১	০.৯৫ (একর)	১০,৭৫০/-	১১,২৮৮/-	ইজারার মেয়াদ ১৪২৯-১৪৩১ সন


(রাশিদা আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

আহ্বায়ক

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

খানসামা, দিনাজপুর।